## কডিচে ফিস্কালে কি?

এটি হল একটি ১৬-অক্ষরের কোড, যা অক্ষর এবং সংখ্যা দ্বারা গঠিত যা নাগরিকের ব্যক্তিগত তথ্য চিহ্নিত করে:

- বংশগত নাম থেকে প্রথম ৩টি অক্ষর
- নিজ নাম থেকে দ্বিতীয় ৩টি অক্ষর
- প্রথম 2টি সংখ্যা হল জন্ম বছরের শেষ দুটি সংখ্যা
- নবম অক্ষরটি জন্মের মাসের প্রতিনিধিত্বকারী একটি অক্ষর
- পরবর্তী দুটি সংখ্যা হল জন্মদিন (মহিলাদের জন্য এটি ৪০ ইউনিট বৃদ্ধি করা হয়েছে, অর্থাৎ তাদের জন্মের তারিখের সাথে ৪০ যোগ করতে হবে)
- জন্য ইতালির পৌরসভা বা বিদেশীদের জন্য তার দেশ নির্দেশ করে
- শেষ অক্ষরটি সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে গণনা করা হয়।

## এটি কি কাজে লাগবে

এই কোডটি জনপ্রশাসনের সাথে সম্পর্কের ক্ষেত্রে একজন নাগরিককে চিহ্নিত করে এবং স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (Asl) সাথে নিবন্ধন করা এবং ব্যক্তিগত ডাক্তার পছন্দ করার ক্ষেত্রে আবশ্যক।

শুধুমাত্র রাজস্ব সংস্থা দ্বারা জারি করা এবং প্রত্যয়িত করা পত্রের কোন মেয়াদ শেষ হওয়ার তারিখ নেই।এটির মেয়াদ সবসময় থাকবে। এটি পাঠানো হয় পোস্ট অফিস দ্বারা:

- বাসস্থানের ঠিকানায়, যেসব নাগরিকদের রেসিডেন্স আছে, আবাসিক নাগরিকদের জন্য
- বর্তমান ঠিকানা, এই আবেদন করার সময় যে ঠিকানা দেয়া হয়েছে, যাদের রেসিডেন্স নেই, অনাবাসীদের জন্য।


**রাজস্ব সংস্থা দ্বারা প্রকাশনা কমিউনিকেশন সেক্টর**
**প্রাতিষ্ঠানিক যোগাযোগ অফিস**

সেক্টরের প্রধান: **সেরজো মাঝেই**

অফিসের প্রধান: **ক্রিস্টিয়ানা কার্টা**

সম্পাদকীয় নকশা এবং সমন্বয়:
**পাওলো কালদেরনে,**
**জোভান্নি মারিয়া লিপ্রান্দি**

গ্রাফিক প্রকল্প:
**গ্রাফিক স্টেশন - ক্লাউদিয়া ইরাসো**

সহ-সহযোগিতায়
**সেবা বিভাগ**


Agenzia Entrate

# ট্যাক্স আইডি কোড (কডিচে ফিস্কালে) বিদেশী

Agenzia Entrate

# বিদেশী নাগরিকদের জন্য ট্যাক্স কোড (কডিচে ফিস্কালে) (ইউরোপীয় ইউনিয়নের বাইরের দেশ)

ইতালিতে আগত বিদেশী নাগরিকদের জন্য, ট্যাক্স কোড বরাদ্দ করা হয়েছে:

- ✔ প্রেফেত্তুরার ইমিগ্রেশন অফিস থেকে প্রত্যেক বিদেশিকে নুল্লা অস্তা দেয়া হয় যখন তাহারা পেরমেচ্ছ ডি সোজরনো চায় কাজের জন্য বা পারিবারিক পুনর্মিলনের জন্য।
- ✔ কইস্তুরা দ্বারা, বিদেশী নাগরিকদের জন্য যারা অন্যান্য ধরনের বসবাসের অনুমতির জন্য আবেদন করেন, তাদেরকে থানা থেকে দেয়া হয়।

প্রেফেত্তুরার ইমিগ্রেশন অফিস থেকে একটি অস্থায়ী সংখ্যাসূচক ট্যাক্স কোড নির্ধারণ করে।পেরমেচ্ছ ডি সোজরনো উঠানোর সময়, বিদেশি নাগরিকে স্থায়ী কোডটি দেয়া হয় (অক্ষর এবং সংখ্যা দিয়ে গঠিত)। যেসব বিদেশি নাগরিক সরাসরি থানায় পেরমেচ্ছ ডি সোজরনোর জন্য যায় তাদেরকে সেখান থেকে অক্ষর এবং সংখ্যা দিয়ে গঠিত স্থায়ী ট্যাক্স কোড দেয়া হয়।

যদি দুই বা ততোধিক ব্যক্তির নাম, জন্ম তারিখ একেই থাকে তাদের একই ট্যাক্স কোড তৈরি করে, তবে প্রেফেত্তুরার ইমিগ্রেশন অফিস বা পুলিশ সদর দফতর নাগরিককে যে কোনও রাজস্ব সংস্থার অফিসে (আজেন্সিয়া দেল্লে এন্ত্রাতে) যাওয়ার জন্য আমন্ত্রণ জানায়, তারা যাচাইকরণের পরে একটি চূড়ান্ত ট্যাক্স কোড জারি করবে।

## বিদেশী নাগরিকরা যারা আন্তর্জাতিক নিরাপত্তার জন্য আবেদন করছে

বিদেশী নাগরিকদের আন্তর্জাতিক নিরাপত্তার জন্য আবেদন করার সময় ট্যাক্স কোডটি থানা বা বর্ডার পুলিশ দ্বারা নির্ধারিত হয়। যদি দুই বা ততোধিক ব্যক্তির নাম, জন্ম তারিখ একেই থাকার কাড়নে তাদের একই ট্যাক্স কোড তৈরি করে, তাদের থানা থেকে একটি অস্থায়ী সংখ্যাসূচক ট্যাক্স কোড দেয়া হয় এবং নাগরিককে যে কোনও রাজস্ব সংস্থার অফিসে (আজেন্সিয়া দেল্লে এন্ত্রাতে) যাওয়ার জন্য আমন্ত্রণ জানায়, সেখান থেকে একটি চূড়ান্ত ট্যাক্স কোড জারি করবে। ট্যাক্স কোড (কডিচে ফিস্কালে) দিয়ে স্বাস্থ্যকেন্দ্রে নিবন্দন করতে পারবে এবং একজন ব্যক্তিগত ডাক্তার নির্ধারণ করতে পারবে।

## ইল্লেগাল বা পরিবারহীন বিদেশী নাবালক

ফিস্কালে) রাজস্ব সংস্থার অফিস (আজেন্সিয়া দেল্লে এন্ত্রাতে) থেকে দেও হয় জাতীয় স্বাস্থ্য পরিষেবাতে নিবন্ধনের মাধ্যমে।

Asl ট্যাক্স কোড (কডিচে ফিস্কালে) এর খবর জানানো হয় যার উপর অভিভাবকীয় দায়িত্ব রয়েছে বা যে ক্যাম্পে থাকে তার ব্যবস্থাপককে।

## ইউক্রেনীয় শরণার্থী (বিশেষ অভ্যর্থনা পদ্ধতি)

ইউক্রেনীয় নাগরিক যারা অস্থায়ী সুরক্ষার জন্য আবেদন করেন, তারা আবেদন জমা দেওয়ার সময় পুলিশ সদর দফতর থেকে স্থায়ী ট্যাক্স কোড পান।

যদি দুই বা ততোধিক ব্যক্তির নাম, জন্ম তারিখ একেই থাকার কাড়নে তাদের একই ট্যাক্স কোড তৈরি করে, তাদের থানা থেকে একটি অস্থায়ী সংখ্যাসূচক ট্যাক্স কোড দেয়া হয় এবং নাগরিককে যে কোনও রাজস্ব সংস্থার অফিসে (আজেন্সিয়া দেল্লে এন্ত্রাতে) যাওয়ার জন্য আমন্ত্রণ জানায়, সেখান থেকে একটি চূড়ান্ত ট্যাক্স কোড জারি করবে।

## যারা ট্যাক্স কোড ছাড়াই ইতালিতে লিগ্যাল ভাবে থাকেন

যেসব বিদেশীরা ইতালিতে লিগ্যাল ভাবে থাকেন, কিন্তু তাদের এখনও ট্যাক্স কোড নেই, তারা রাজস্ব সংস্থার যেকোনো অফিস (আজেন্সিয়া দেল্লে এন্ত্রাতে) থেকে এটির জন্য আবেদন করতে পারেন। আবেদনটির অবশ্যই কারণ দেখাতে হবে এবং নিম্নলিখিত নথিগুলির একটির সাথে থাকতে হবে:

- ✔ বৈধ পেরমেচ্ছ দি সোজরনো (বসবাসের অনুমতি)
- ✔ বৈধ পাসপোর্ট, আপেক্ষিক ভিসা সহ (যখন প্রয়োজন হয়), বা ইতালীয় কর্তৃপক্ষ দ্বারা স্বীকৃত অন্যান্য নথি
- ✔ ইতালিতে নিজ দেশের কূটনৈতিক বা কনস্যুলার প্রতিনিধিত্ব দ্বারা জারি করা পরিচয়ের প্রমাণ
- ✔ ইতালীয় পরিচয়পত্র (কারতা দি ইদেন্তিতা)

ট্যাক্স কোডের আবেদন করার জন্য AA4/8 মডেল উপস্থাপন করা প্রয়োজন, পূরণ করুন এবং স্বাক্ষর করুন এবং উপরে তালিকাভুক্তদের মধ্যে একটি বৈধ পরিচয় নথি দেখান। এটি সম্পূর্ণ করার জন্য মডেল এবং নির্দেশাবলী রাজস্ব সংস্থার ওয়েবসাইটের “Modello e istruzioni AA4/8” পৃষ্ঠায় পাওয়া যায়।

## ইউরোপিয়ান ইউনিয়নের নাগরিক

ইউরোপিয়ান ইউনিয়নের নাগরিক যারা ইতালিতে থাকতে চান তারা ট্যাক্স কোড (কডিচে ফিস্কালে) এর জন্য আবেদন করতে পারবেন Modello AA4/8 মডেল উপস্থাপন মাধ্যমে যেকোনো রাজস্ব সংস্থার অফিস (আজেন্সিয়া দেল্লে এন্ত্রাতে) থেকে। আবেদনটির অবশ্যই কারণ দেখাতে হবে এবং বৈধ পরিচয়পত্র দেখাতে হবে (পাসপোর্ট, পরিচয়পত্র (কারতা দি ইদেন্তিতা))।

যে দেশটি থেকে এসেছে সে দেশে উপস্থিত ইতালীয় কনস্যুলার প্রতিনিধিত্ব থেকেও ট্যাক্স কোডটি অনুরোধ করা যেতে পারে।

ইউরোপিয়ান ইউনিয়নের নাগরিকগন ইতালির জাতীয় স্বাস্থ্য পরিষেবা ব্যবহার করতে পারবে তাদের বসবাসরত দেশের স্বাস্থ্য কার্ড দ্বারা (টিম - ইউরোপীয় স্বাস্থ্য বীমা কার্ড)।